দৈনিক বাংলা

026

তারিখ 02 OCT 1988
পৃষ্ঠা ... ১ ... কলাম ...

# রাজধানীর অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠানে ক্লাস শুরু হয়েছে

॥ স্টাফ রিপোর্টার ॥

শিক্ষাপ্রতিষ্ঠানগুলি আবার মুখর হয়ে উঠেছে। গতকাল রাজধানীর অধিকাংশ স্কুল-কলেজে ক্লাশ শুরু হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় এবং প্রকৌশল বিশ্ব-

(৩-এর পৃঃ দ্রঃ)

## ক্লাস শুরু হয়েছে

( প্রথম পৃঃ পর )

বিদ্যালয়েও ক্লাশ হয়েছে।

বন্যার কারণে দীর্ঘ একমাস এসব শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ ছিল। রাজধানীর ২৯০টি স্কুল-কলেজ ও মাদ্রাসার মধ্যে ১৩৫টিতে বন্যার্তদের জন্য ত্রাণশিবির খোলা হয়। বন্যার্তরা চলে যাওয়ার পর ৭৩টি শিক্ষাপ্রতিষ্ঠান পরিস্কার-পরিচ্ছন্ন ও দূষণমুক্ত করা হয়। এগুলোতে গতকাল ক্লাশ হয়। বাকী ৬২টি শিক্ষাপ্রতিষ্ঠানও পরিস্কার-পরিচ্ছন্ন করার কাজ চলছে। সেগুনবাগিচা উচ্চ বিদ্যালয়, উচ্চ বালিকা বিদ্যালয় ও আইডিয়াল সরকারী প্রাইমারী স্কুল পরিস্কার-পরিচ্ছন্ন হয়নি বলে কয়েকজন অভিভাবক অভিযোগ করেছেন।

গতকাল রাজধানীর কয়েকটি স্কুল-কলেজ ঘুরে উল্লেখযোগ্য সংখ্যক ছাত্রছাত্রীর উপস্থিতি লক্ষ্য করা গেছে। আইডিয়াল স্কুলের কয়েকজন ছাত্রছাত্রীর সংগে আলাপ করে জানা গেছেঃ অনেকদিন পর স্কুলে এসে তাদের আনন্দ লাগছে। তাদের ভাষায়—"এতদিন আমরা ঘরে প্রায় বন্দী অবস্থায় ছিলাম।"

রাজধনীর অনেক অভিভাবক গতকাল তাদের ছোট ছোট ছেলে-মেয়েদের স্কুলে আনা-নেয়া শুরু করেছেন।

অনেক স্কুলে গতকাল প্রথা অনুযায়ী ক্লাশ শুরুর পূর্বে জাতীয় সংগীত পরিবেশন ও শরীর চর্চা হয়েছে।

মাসব্যাপী বন্ধ থাকার পর ঢাকা বিশ্ববিদ্যালয় ও প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে উল্লেখযোগ্য সংখ্যক ক্লাশ হয়েছে। অনেক বিভাগে স্থগিত পরীক্ষাসমূহের নয়া সময়সূচীও ঘোষণা করা হয়েছে।

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে গত সেপ্টেম্বর মাসের ৩ তারিখে নির্ধারিত বিভিন্ন অনুষদের রেফার্ড পরীক্ষা ৮ই অক্টোবর থেকে শুরু হবে। তাছাড়া স্নাতকোত্তর শ্রেণীর ক্লাশও ৮ই অক্টোবর শুরু হবে।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের স্থগিত পরীক্ষাসমূহ গতকাল থেকে শুরু হয়েছে। বিশ্ববিদ্যালয় গত ২৮শে সেপ্টেম্বর খুলেছে।